



বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়


নং-১৭.০০.০০০০.০৪৫.২৭.০০১.২০-১০

তারিখ: ১৯ জানুয়ারি, ২০২৩ খ্রি.

**বিষয়ঃ একাদশ জাতীয় সংসদের শূন্য ঘোষিত আসনের নির্বাচন উপলক্ষে নির্বাচনকালীন সময়ে বিচার বিভাগীয় কর্মকর্তাগণের সমন্বয়ে গঠিত 'নির্বাচন তদন্ত কমিটি (Electoral Enquiry Committee)'-এর কর্মকর্তাগণের বিচারিক কাজের মূল্যায়ন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, একাদশ জাতীয় সংসদের শূন্য ঘোষিত ৫ ঠাকুরগাঁও-৩, ৩৯ বগুড়া-৪, ৪১ বগুড়া-৬, ৪৪ চাঁপাইনবাবগঞ্জ-২, ৪৫ চাঁপাইনবাবগঞ্জ-৩ ও ২৪৪ ব্রাহ্মণবাড়িয়া-২ আসনে সংসদ সদস্য নির্বাচনের নিমিত্ত নির্বাচন-পূর্ব অনিয়ম প্রতিরোধ ও নিয়ন্ত্রণের লক্ষ্যে 'সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা, ২০০৮' এর বিধি ২(৬) এ সংজ্ঞায়িত 'নির্বাচন-পূর্ব সময়' অর্থাৎ নির্বাচন কমিশন কর্তৃক নির্বাচনি তফসিল ঘোষণার দিন হতে নির্বাচনের ফলাফল সরকারি গেজেটে প্রকাশের তারিখ পর্যন্ত The Representation of the People Order, 1972 (P.O.No.155 of 1972) এর Article 91A, Article 91B ও Article 91D এর বিধান অনুযায়ী বর্ণিত আচরণ বিধিমালা সংক্রান্ত দায়িত্ব পালন করার জন্য 'নির্বাচন তদন্ত কমিটি (Electoral Enquiry Committee)' গঠন করা হয়েছে। নির্বাচনি তদন্ত কমিটির কর্মকর্তাগণকে সার্বক্ষণিকভাবে উক্ত নির্বাচনের তদন্ত কাজে ব্যস্ত থাকার কারণে তাঁদের পক্ষে গেজেটে উল্লিখিত সময়ে পর্যাপ্ত সংখ্যক মোকদ্দমা নিষ্পত্তি করা সম্ভব নাও হতে পারে।

২। এমতাবস্থায়, উক্ত নির্বাচনকালীন সময়ে নির্বাচনি তদন্ত কমিটির কর্মকর্তাগণের নির্বাচনি দায়িত্ব পালনের বিষয়টি বিবেচনায় নিয়ে বিচারিক কাজ হিসাবে মূল্যায়ন করার নিমিত্ত নির্বাচন কমিশনের নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

 ১৭.০১.২০২৩

(মোঃ আব্দুছ সালাম)

উপসচিব (আইন)

ফোন : ০২-৫৫০০৭৫৩৬

E-mail: ds\_law@ecs.gov.bd

রেজিস্ট্রার জেনারেল

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা

নং-১৭.০০.০০০০.০৪৫.২৭.০০১.২০-১০

তারিখ: ১৯ জানুয়ারি, ২০২৩ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):


০১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। জেলা ও দায়রা জজ, ঠাকুরগাঁও/বগুড়া/ চাঁপাইনবাবগঞ্জ/ ব্রাহ্মণবাড়িয়া

০৩। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হল)

০৪। যুগ্ম জেলা ও দায়রা জজ ও চেয়ারম্যান, নির্বাচন তদন্ত কমিটি, ঠাকুরগাঁও/বগুড়া/ চাঁপাইনবাবগঞ্জ/ ব্রাহ্মণবাড়িয়া

০৫। সিনিয়র সহকারী জজ/সহকারী জজ ও সদস্য, নির্বাচন তদন্ত কমিটি, ঠাকুরগাঁও/বগুড়া/ চাঁপাইনবাবগঞ্জ/ ব্রাহ্মণবাড়িয়া

 19.01.2023

(মোহাঃ শাহিনুর আক্তার)

সিনিয়র সহকারী সচিব (আইন-১)

ফোন: ০২-৫৫০০৭৬০৭

অফিসের ঠিকানাঃ

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd



বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৪৫.২৭.০০১.২০-১১

তারিখ: ১৯ জানুয়ারি, ২০২৩ খ্রি.

**বিষয়: 'নির্বাচনি তদন্ত কমিটি (Electoral Enquiry Committee)' এর কর্মকর্তাগণের ঘটনাস্থল পরিদর্শনের জন্য গাড়ী (যানবাহন) এবং পুলিশ বাহিনীর সদস্য প্রদান।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, একাদশ জাতীয় সংসদের শূন্য ঘোষিত ঘোষিত ৫ ঠাকুরগাঁও-৩, ৩৯ বগুড়া-৪, ৪১ বগুড়া-৬, ৪৪ চাঁপাইনবাবগঞ্জ-২, ৪৫ চাঁপাইনবাবগঞ্জ-৩ ও ২৪৪ ব্রাহ্মণবাড়িয়া-২ আসনে নির্বাচন উপলক্ষে সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা, ২০০৮ অনুযায়ী আচরণ বিধির কোন বিধানের লংঘনকে নির্বাচন-পূর্ব অনিয়ম হিসাবে গণ্য করা হয়। নির্বাচনের তফসিল ঘোষণার তারিখ হতে নির্বাচনের ফলাফল ঘোষণা পর্যন্ত সময়কে নির্বাচন-পূর্ব সময় বুঝায়। ফলাফল ঘোষণা বলতে যে তারিখে নির্বাচন কমিশন কর্তৃক কোন প্রার্থীর নির্বাচিত হওয়া সম্পর্কিত গেজেট প্রকাশিত হয় উক্ত তারিখ-কে বুঝানো হয়েছে।

২। নির্বাচন-পূর্ব অনিয়মসমূহ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ নিশ্চিত করার লক্ষ্যে কমিশন কর্তৃক সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার জন্য বিচার বিভাগীয় কর্মকর্তাগণের মধ্য হতে ০১(এক) জন যুগ্ম জেলা ও দায়রা জজ ও ০১(এক) জন সিনিয়র সহকারী জজ/সহকারী জজ এর সমন্বয়ে 'নির্বাচনি তদন্ত কমিটি (Electoral Enquiry Committee)' গঠিত হয়েছে।

৩। নির্বাচনকালীন সময়ে নির্বাচনপূর্ব অনিয়মসমূহ সঠিকভাবে নিয়ন্ত্রণে রাখা গেলে সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষ নির্বাচন পরিচালনার ক্ষেত্রে সহায়ক ভূমিকা রাখবে। এছাড়া নির্বাচনকালীন সময়ে নির্বাচনপূর্ব অনিয়মসমূহ প্রতিরোধ করা গেলে তা আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণ ও সংরক্ষণে বস্তুনিষ্ঠ অবদান রাখবে।

৪। সুষ্ঠু তদন্তের স্বার্থে নির্বাচনি তদন্ত কমিটির ক্ষেত্র বিশেষে ঘটনাস্থল পরিদর্শনের প্রয়োজনীয়তা দেখা দিতে পারে। অধিকন্তু নির্বাচনের দিন সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা, ২০০৮ এর বিধিসমূহ যথাযথভাবে পালিত হচ্ছে কিনা তা পর্যবেক্ষনান্তে কমিটি কর্তৃক কমিশন বরাবর তাৎক্ষণিকভাবে যে সুপারিশ করা হবে উক্তরূপ সুপারিশ অনুযায়ী নির্বাচন কমিশন কর্তৃক গৃহীত পদক্ষেপ যাতে যথাযথভাবে বাস্তবায়িত হয়, সে লক্ষ্যে কমিটির একাধিক ভোটকেন্দ্র পরিদর্শনের প্রয়োজনীয়তা দেখা দিবে।

৫। তদন্ত কাজে ঘটনাস্থল অথবা ভোটকেন্দ্র পরিদর্শনের সময় নিরাপত্তার স্বার্থে কমিটির কর্মকর্তাগণের সহিত পুলিশ বাহিনীর ০২(দুই) জন অস্ত্রধারী সদস্য নিয়োগ করা আবশ্যিক।

৬। এ সকল বিষয় বিবেচনায় কমিটির কর্মকর্তাগণকে চাহিদা এবং প্রয়োজন অনুসারে সার্বক্ষণিকভাবে জীপগাড়ী/ মাইক্রোবাস/স্পীডবোট এবং ক্ষেত্র বিশেষে ট্রাক/পিকআপ ভ্যান/মটর সাইকেল সরবরাহের জন্য জেলা প্রশাসক-কে এবং পুলিশ এক্সট্র দেওয়ার জন্য পুলিশ সুপার-কে বিশেষভাবে অনুরোধ করা হলো।

মোঃ আব্দুছ সালাম)

উপসচিব (আইন)

ফোন : ০২-৫৫০০৭৫৩৬

E-mail: ds\_law@ecs.gov.bd

১। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও/বগুড়া/ চাঁপাইনবাবগঞ্জ/ব্রাহ্মণবাড়িয়া

২। পুলিশ সুপার, ঠাকুরগাঁও/বগুড়া/ চাঁপাইনবাবগঞ্জ/ব্রাহ্মণবাড়িয়া

৩। রিটার্নিং অফিসার, (সংশ্লিষ্ট), নির্বাচনি এলাকা

১৭.০০.০০০০.০৪৫.২৭.০০১.২০-১১

তারিখঃ ১৯ জানুয়ারি, ২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমনুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

অফিসের ঠিকানাঃ


নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

৩. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা
৪. জেলা ও দায়রা জজ, ঠাকুরগাঁও/বগুড়া/ চাঁপাইনবাবগঞ্জ/ব্রাহ্মণবাড়িয়া
৫. বিভাগীয় কমিশনার, ... (সংশ্লিষ্ট) বিভাগ
৬. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৭. মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
৮. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
৯. উপমহাপুলিশ পরিদর্শক, ... (সংশ্লিষ্ট)
১০. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ঠাকুরগাঁও/বগুড়া/ চাঁপাইনবাবগঞ্জ/ব্রাহ্মণবাড়িয়া
১১. যুগ্ম জেলা ও দায়রা জজ ও চেয়ারম্যান, নির্বাচন তদন্ত কমিটি, ঠাকুরগাঁও/বগুড়া/ চাঁপাইনবাবগঞ্জ/ ব্রাহ্মণবাড়িয়া
১২. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ... (সংশ্লিষ্ট) অঞ্চল
১৩. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৪. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, (সংশ্লিষ্ট) (জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ)
১৫. সিনিয়র সহকারী জজ/সহকারী জজ ও সদস্য, নির্বাচন তদন্ত কমিটি, ঠাকুরগাঁও/বগুড়া/ চাঁপাইনবাবগঞ্জ/ ব্রাহ্মণবাড়িয়া
১৬. সহকারী রিটার্নিং অফিসার, ... (সংশ্লিষ্ট)
১৭. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ... (সংশ্লিষ্ট)
১৮. উপজেলা নির্বাহী অফিসার, ... (সংশ্লিষ্ট)
১৯. সিনিয়র সহকারী সচিব/ সহকারী সচিব (নি:ব্য:ও স:-১)/(বাজেট ও অর্থ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২০. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের একান্ত সচিব (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২১. মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের একান্ত সচিব (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের সদয় অবগতির জন্য)
২২. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৩. উপজেলা নির্বাচন অফিসার, ..... (সংশ্লিষ্ট)
২৪. অফিসার ইনচার্জ, ..... (সংশ্লিষ্ট)
২৫. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

  
19.01.2023

(মোহাঃ শাহীনুর আলম)  
সিনিয়র সহকারী সচিব (আইন-১)  
ফোন : ০২-৫৫০০৭৬০৭